# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর-১৭০৪

সূত্র : ৩৬(০২৩)জাতী: বি:/একা:/পি জি ডি/এল আই এস/২০১৬/৩১৯৩

তারিখ : ১৫/০৬/২০১৬

## অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

**জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে প্রথম ব্যাচে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।**

১. ভর্তির যোগ্যতা :

জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হতে যে কোন বিষয়ে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) বা সমমান ডিগ্রিধারী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী যোগ্য বিবেচিত হলে ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হতে পারবে। শিক্ষা জীবনে এস এস সি থেকে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্ট এবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে।

২. **আবেদন ফরম পূরণ ও জমাদান**

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এ প্রবেশ করে Academics মেনু থেকে Admission নির্বাচন করে "অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী সায়েন্স" লিংকে ক্লিক করে অথবা **www.nubd.info/on_campus** সাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। আগামী ২০/০৬/২০১৬ তারিখ থেকে ৩০/০৭/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন আবেদনপত্রে আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 Pixels, Image Type: JPG, File Size: 50 KB (max.)। আবেদনফরম সফলভাবে পূরণ হলে আবেদনকারী একটি PIN নম্বর সম্বলিত ফরম পাবেন, যা ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে।

গ. **আগামী ০১/০৮/২০১৬ তারিখ** থেকে এই PIN ব্যবহার করে সোনালী সেবার পে-স্লিপ সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য, আবেদন ফি এর হার শিক্ষার্থী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা এবং সোনালী সেবায় টাকা জমা দেবার শেষ সময় ০২/০৮/২০১৬ তারিখ বিকাল ৪:০০ টা ।

ঘ. আগামী ০৩/০৮/২০১৬ তারিখ থেকে সংশ্লিষ্ট ওয়েবসাইটে Student Login করে আবেদনপত্র Print করতে হবে। উল্লেখ্য, সোনালী সেবায় টাকা জমা নিশ্চিত হলে আবেদন ফরম প্রিন্ট করা যাবে।

ঙ. সাক্ষাৎকার/লিখিত পরীক্ষার দিন আবেদনকারীকে সকল সনদের মূলকপি ও প্রিন্টকৃত অনলাইন আবেদন ফরম সোনালী সেবার জমা স্লিপসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকারের দিন আবেদনপত্র ও সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

চ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৩. **আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম**

| | | |
|---|---|---|
| ক. | অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দান | : ২০/০৬/২০১৬ থেকে ৩০/০৭/২০১৬ পর্যন্ত |
| খ. | ভর্তি পরীক্ষা | : ০৭/০৮/২০১৬ সকাল ১১টা |
| গ. | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে) | : ১০/০৮/২০১৬ |
| ঘ. | ভর্তির তারিখ | : ১৫/০৮/২০১৬ থেকে ২৫/০৮/২০১৬ পর্যন্ত |
| ঙ. | ক্লাশ শুরুর তারিখ | : ০১/০৯/২০১৬ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে) |

৪. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৫. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্রঃ ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd – এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট বিভাগের প্রফেসর ড. মোঃ নাসির উদ্দীনের সাথে মোবাইল নম্বর ০১৭১৩০৯২৭৯২ এ এবং ওয়েবসাইটের কারিগরি সহায়তার জন্য ০১৭৪৯০৮০৮২৯ বা ০১৭৪৯০৮০৫২৬ নম্বরে যোগাযোগ করা যাবে।

১৫.৬.১৬

**(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)**
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪

সূত্র : ৩৬(০২৩)জাতী: বি:/একা:/পি জি ডি/এল আই এস/২০১৬/৩১৯৩ তারিখ : ১৫/০৬/২০১৬

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কোর্স সমন্বয়কারী, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, তথ্য প্রযুক্তি (আই সি টি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও অনলাইনে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. ওয়ানস্টপ সার্ভিস সেন্টার
১৪. অফিস কপি

১৫/০৬/২০১৬

**(মোঃ শহীদুর রহমান)**
উপ-রেজিস্ট্রার
এম ফিল, পিএইচ ডি, অন-ক্যাম্পাস মাস্টার্স ও ডিপ্লোমা প্রোগ্রাম
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন : ০২-৯২৯২০৩৮
মোবাইল : ০১৭৯৬২৮৪৫৯৭